

The Bangladesh Jute Corporation (Repeal) Act, 1993

(১৯৯৩ সনের ২৪ নং আইন)

Bangladesh Jute Corporation Ordinance, 1985 রহিতকরণকল্পে প্রণীত আইন

যেহেতু বাংলাদেশ জুট কর্পোরেশন বিলুপ্ত করার উদ্দেশ্যে Bangladesh Jute Corporation Ordinance, 1985 (XXX of 1985) রহিত করা এবং তত্‌সংশ্লিষ্ট বিষয়ে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত

শিরোনামা ও প্রবর্তন

১। (১) এই আইন The Bangladesh Jute Corporation (Repeal) Act, 1993 নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৪ই ভাদ্র, ১৪০০ বাংলা মোতাবেক ২৯শে আগষ্ট, ১৯৯৩ ইংরেজী তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। Ordinance No. XXX of 1985 এর রহিতকরণ ইত্যাদি

২। (১) Bangladesh Jute Corporation Ordinance, 1985 (XXX of 1985), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্ত Ordinance রহিত হইবার সংগে সংগে-

(ক) উক্ত Ordinance দ্বারা গঠিত Bangladesh Jute Corporation, অতঃপর বিলুপ্ত কর্পোরেশন বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে;

(খ) বিলুপ্ত কর্পোরেশনের সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও সুবিধাদি এবং স্থাবর-অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল দাবী ও অধিকার সরকারে ন্যস্ত হইবে;

(গ) বিলুপ্ত হইবার পূর্বে বিলুপ্ত কর্পোরেশনের স্বার্থে যে সকল ঋণ ও অন্যান্য দায়-দায়িত্ব ছিল তাহা দফা (ঙ) এর বিধান সাপেক্ষে, সরকারের ঋণ ও দায়-দায়িত্ব বলিয়া গণ্য হইবে;

(ঘ) বিলুপ্ত হইবার পূর্বে বিলুপ্ত কর্পোরেশন কর্তৃক বা উহার বিরুদ্ধে যে সকল মামলা-মোকদ্দমা বা অন্যান্য আইনানুগ কার্যধারা চালু ছিল সেই সকল